

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

In the name of Allah, Most Gracious, Ever Merciful



প্রেস বিজ্ঞপ্তি
১১ অক্টোবর ২০১৭

আহমদীয়া মুসলিম জামা'তের প্রধানের সাথে সাক্ষাৎ করলেন ক্যান্টারবারি-র আর্চবিশপ

বিশ্বজনীন ধর্মীয় স্বাধীনতা প্রয়োজনীয়তার বিষয়ে কথা বললেন খলীফা ও আর্চবিশপ



১০ অক্টোবর ২০১৭, ক্যান্টারবারির আর্চবিশপ জাস্টিন ওয়েলবি লন্ডনের সবচেয়ে পুরনো মসজিদ, ফযল মসজিদ সফর করেন যেখানে তিনি আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব প্রধান পঞ্চম খলীফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর সাথে সাক্ষাৎ করেন।

এর পূর্বে আর্চবিশপ পশ্চিম ইউরোপের বৃহত্তম মসজিদ মর্ডেনের বায়তুল ফুতুহ মসজিদ দর্শন করেন।

Registered Address: 22 Deer Park Road, London, SW19 3TL UK
Tel/Fax: 020 8544 7613 Mob: 077954 90682 Email: press@ahmadiyya.org.uk

Press Secretary AMJ International

সাক্ষাতে খলীফা এবং আর্চবিশপ বিশ্বে বিভিন্ন অংশে ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়সমূহের উপর নিরন্তর নিপীড়নের উপর আলোচনা করেন।



সম্মানিত হুযূর আর্চবিশপকে অবহিত করেন যে আহমদীয়া মুসলিম জামা'তের প্রধান নির্বাচিত হওয়ার পূর্বে ১৯৯৯ সালে পাকিস্তানে তিনি স্বয়ং মিথ্যা অভিযোগে কারারুদ্ধ হন।

সাক্ষাতকালে হযরত মির্যা মসরুর আহমদ সমাজে 'সহনশীলতা' ও সকল ব্যক্তি ও সম্প্রদায় কর্তৃক 'পারস্পরিক শ্রদ্ধাবোধ' প্রকাশের প্রয়োজনীয়তার কথা বলেন। তিনি বলেন যে এটি আবশ্যিক যে সকলে কোন রূপ জোর জবরদস্তি ছাড়াই নিজ ধর্ম স্বাধীনভাবে পালনের অধিকার রাখবেন।



সাক্ষাতের শেষে সম্মানিত হুযূর আর্চবিশপকে মূল আরবী ও ইংরেজী অনুবাদ সম্বলিত পবিত্র কুর'আনের একটি কপি উপহার প্রদান করেন।

সাক্ষাতের পর ক্যান্টারবারির আর্চবিশপ, হিস গ্রেস, জাস্টিন ওয়েলবি এম.টি.এ. নিউজ এর সাথে এক সাক্ষাৎকারে বলেন:

“সম্মানিত হুয়ুরের সাথে সাক্ষাত করে আমি সম্মানিত বোধ করছি। সাক্ষাতটি অসাধারণ ছিল, অত্যন্ত আন্তরিক ও উষ্ণ ...”

আমরা মূলতঃ নিপীড়নের বিষয়ে কথা বলেছি, যা এমন একটি বিষয় যার সাথে আহমদীয়া সম্প্রদায় সমধিক পরিচিত এবং গুরুতরভাবে এর শিকার। আর আমরা বিশ্ব জুড়ে বিভিন্ন ধর্মীয় বিশ্বাসীদের মাঝে ধর্মীয় চরমপন্থিতার প্রকৃতি এবং যুক্তরাজ্যে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের একতাবদ্ধ হয়ে, দেশের সার্বজনীন কল্যাণ এবং একে অপরের পাশে দাঁড়ানোর লক্ষ্যে কাজ করার গুরুত্বের উপর আলোচনা করেছি।”



তঁার এ সফরকালে, আর্চবিশপকে মর্ডেনে অবস্থিত বায়তুল ফুতুহ মসজিদ ও সাউথফীল্ডসে অবস্থিত ফযল মসজিদ ঘুরিয়ে দেখানো হয়।